

💵 জানাযার বিধিবিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযার বিধিবিধান সংক্রান্ত ৭০টি প্রশ্ন রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

৩৮: সান্ত্বনা দেওয়ার সময় মুছাফাহা করা কি সুন্নাত?

সাস্থনা দেওয়া বা শোক প্রকাশের সময় মুছাফাহা করা, চুম্বন করা সুন্নাত নয়। বরং মুছাফাহা করতে হবে সাক্ষাতের সময়। অতএব, শোকাক্রান্ত ব্যক্তির সাথে সাক্ষাত করে সালাম প্রদান করত: যখন তুমি তার সাথে মুছাফাহা করবে, তখন এই মুছাফাহাটা হবে সাক্ষাতের কারণে, সাস্থনা দেওয়ার উদ্দেশ্যে নয়। কিন্তু মানুষ এটাকে অভ্যাসে পরিণত করেছে। কারো যদি বিশ্বাস থাকে যে, এটি সুন্নাত, তাহলে সে পরিষ্কার জেনে রাখুক, এটি সুন্নাত নয়। তবে যদি সেটি স্বাভাবিক অভ্যাস হয় এবং তারা সেটিকে সুন্নাত বলে বিশ্বাস না করে, তাহলে সমস্যা নেই। কিন্তু বিষয়টি আমার কাছে রীতিমত উদ্বেগজনক এবং তা পরিত্যাগ করা নিঃসন্দেহে উত্তম।

এখানে আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় এই যে, সাস্ত্বনা দেওয়ার উদ্দেশ্য হল, শোকাক্রান্ত ব্যক্তিকে ধৈর্য্যধারণ এবং আল্লাহ্র পক্ষ থেকে নেকী প্রাপ্তির বিষয়ে আশান্বিত করে তোলা; তাকে অভিনন্দন জানানো নয়, যেমনটি অন্যান্য অনুষ্ঠানে হয়ে থাকে। অতএব, কেউ মৃত্যুজনিত কারণে শোকাক্রান্ত হলে তাকে সাস্ত্বনা দিতে হবে অর্থাৎ যাতে তার ধৈর্য্য ও নেকী প্রাপ্তির আশা বৃদ্ধি পায়, তা-ই করতে হবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1695

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন